সংবাদ

তারিখ ... 15 JUL 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

### এসএসসির ধর্ম বিষয়ে ফল কেলেঙ্কারি

# বরিশাল বোর্ডের দুই প্রধান পরীক্ষকের বেতন স্থগিত

**জেলা বার্তা পরিবেশক, বরিশাল**

বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় হিন্দুধর্ম বিষয়ে ফল কেলেঙ্কারির ঘটনায় অভিযুক্ত দুই প্রধান পরীক্ষকের বেতন স্থগিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। সম্প্রতি মন্ত্রণালয়ের এ সংক্রান্ত একটি চিঠি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরে (মাউশি) প্রেরন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব নুসরত জাবীন বানু স্বাক্ষরিত চিঠিতে উল্লেখ করা হয়েছে, এমপিও জনবল কাঠামোর ১৮ (১) এর অনুচ্ছেদ বলে দুই শিক্ষকের বেতন স্থগিত করা হয়েছে। বেতন স্থগিত হওয়া দুই শিক্ষক হলেন বরিশাল নগরীর ব্রজমোহন মাধ্যমিক বিদ্যালয়ের হিন্দুধর্ম বিষয়ের সহকারী শিক্ষক জুরান চক্রবর্তী এবং বরগুনার বেতাগী উপজেলার বিবিচিনি নিয়ামতি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক বীরেন চন্দ্র চক্রবর্তী। তারা ২০১৬ সালের এসএসসি পরীক্ষায় হিন্দুধর্ম বিষয়ে বরিশাল বোর্ডের প্রধান পরীক্ষক ছিলেন। উলেখ্য, গত মে মাসে প্রকাশিত এসএসসি পরীক্ষার ফলে বরিশাল শিক্ষাবোর্ডে হিন্দুধর্ম বিষয়ে পরীক্ষার্থীরা গণহারে ফেল করে। নগরীর উদয়ন মাধ্যমিক বিদ্যালয়ের এক পরীক্ষার্থী ধর্ম বিষয়ে ফেলের খবর জেনে বহুতল ভবন থেকে লাফ দিয়ে আত্মহত্যা করে। এনিয়ে বরিশালে তোলপাড় শুরু হলে বরিশাল বোর্ড কর্তৃপক্ষ একটি তদন্ত কমিটি গঠন করে। তদন্তে প্রমানিত হয়, হিন্দুধর্ম বিষয়ের নৈমত্তিক পরীক্ষায় 'ক' এবং 'খ' সেটের উত্তরপত্র মূল্যায়নে কম্পিউটার সেটিংয়ে ভুল করেছিলেন প্রধান পরীক্ষকের দায়িত্ব পালনকারী দুই সহকারী শিক্ষক। ফলে ওই বিষয়ে দুই সহস্রাধিক পরীক্ষার্থী ফেল করে। পরে উত্তরপত্র পুনঃমূল্যায়নে বেশিরভাগ পরীক্ষার্থী পাশ করেছে। তবে ইতোমধ্যে একটি ছাত্রের প্রাণ গেছে।